ব্যবস্থাপনা কমিটির নির্বাচন,২০১৯

**নির্বাচন কমিটি**

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন)

দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

স্মারক নং-নি/ক-০১

তারিখঃ ১১/০৪/২০১৯ খ্রিঃ।

## নির্বাচনী তফসিল-২০১৯

এতদ্বারা বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর সকল সদস্য সমিতি ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০৫/২০১৯ খ্রিঃ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকা হতে অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভায় বাংলাদেশ দুগ্ধ উৎপাদানকারী সমবায় সমিতি লিমিটেড(মিল্ক ইউনিয়ন) এর প্রধান কার্যালয়ে (দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮) সকাল ১০:০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০১৯ উপলক্ষ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

উক্ত ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ১২(বার) টি পদের মধ্যে ০৮(আট) টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে (০৪টি পদ সংরক্ষিত)। নির্বাচনযোগ্য ০৮(আট) টি পদের মধ্যে ০১(এক) জন সভাপতি, ০১(এক) জন সহ-সভাপতি সমগ্র নির্বাচনী এলাকার ভোটারের সরাসরি ভোটে এবং ব্যবস্থাপনা কমিটির ০৬(ছয়) জন সদস্য ০৬(ছয়) টি নির্বাচনী এলাকা হতে (নির্বাচনী এলাকা-১, নির্বাচনী এলাকা-২, নির্বাচনী এলাকা-৩, নির্বাচনী এলাকা-৪, নির্বাচনী এলাকা-৫ ও নির্বাচনী এলাকা-৬) স্ব স্ব নির্বাচনী এলাকার ভোটে নির্বাচিত হবেন।

নির্বাচন কমিটির ১০/০৪/২০১৯খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী আগামী ১৪/০৫/২০১৯ খ্রিঃ তারিখের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত ভাবে তফসিল ঘোষনা করা হলঃ

| ক্রঃনং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ১। | মনোনয়ন পত্র বিতরন। | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন), প্রধান কার্যালয়, দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। | ১৭/০৪/১৯ খ্রিঃ বুধবার | সকাল ১১:০০ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা। |
| ২। | মনোনয়ন পত্র দাখিল। | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন), প্রধান কার্যালয় দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। | ২৪/০৪/১৯ খ্রিঃ বুধবার | সকাল ১১:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা। |
| ৩। | মনোনয়ন পত্র বাছাই। | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন), দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। | ২৫/০৪/১৯ খ্রিঃ বৃহস্পতিবার | সকাল ১১:০০ ঘটিকা হতে অব্যাহত ভাবে। |
| ৪। | বৈধ মনোনয়ন পত্র ও বাতিলকৃত মনোনয়নপত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ। | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন), প্রধান কার্যালয় দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এর নোটিশ বোর্ড। | ২৫/০৪/১৯ খ্রিঃ বৃহস্পতিবার | মনোনয়ন পত্র বাছাই শেষে। |
| ৫। | প্রাথমিক খসড়া তালিকায় অর্ন্তভূক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্র বিষয়ে আপীল আবেদন। সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৯ বিধি মতে। | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও সিভিক সেন্টার, শেরেবাংলা নগর, ঢাকা। | ২৮/০৪/১৯ খ্রিঃ রবিবার ২৯/০৪/১৯ খ্রিঃ সোমবার | অফিস চলাকালীন সময়ে |
| ৬। | আপীল আবেদন পত্রের উপর শুনানী ও সিদ্ধান্ত গ্রহন। সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৯(২) বিধি মতে। | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও সিভিক সেন্টার, শেরেবাংলা নগর, ঢাকা। | ৩০/০৪/১৯ খ্রিঃ মঙ্গলবার ০২/০৫/১৯ খ্রিঃ বৃহস্পতিবার ০৫/০৫/১৯ খ্রিঃ রবিবার | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে |
| ৭। | বৈধ ও বাতিলকৃত প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন), প্রধান কার্যালয়, দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এর নোটিশ বোর্ড | ০৫/০৫/১৯ খ্রিঃ রবিবার | আপীল শুনানীর সিদ্ধান্ত পাওয়ার পর। |
| ৮। | প্রার্থী পদ প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন), প্রধান কার্যালয়, দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। | ০৭/০৫/১৯ খ্রিঃ মঙ্গলবার | সকাল ১১:০০ হইতে বিকাল ০২:০০ ঘটিকা |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রতিদ্বন্দ্বি বৈধ প্রার্থীর মধ্যে প্রতীক বরাদ্দ ও চুড়ান্ত তালিকা প্রকাশ। | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন), প্রধান কার্যালয়, দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এর নোটিশ বোর্ড | ০৭/০৫/১৯ খ্রিঃ মঙ্গলবার | দুপুর ০২:০০ ঘটিকা |
| ১০। | ভোট গ্রহন। | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন), প্রধান কার্যালয় দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। | ১৪/০৫/১৯ খ্রিঃ মঙ্গলবার | সকাল ১০:০০ হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত। |
| ১১। | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষনা | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন), প্রধান কার্যালয় দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। | ১৪/০৫/১৯ খ্রিঃ মঙ্গলবার | ভোট গণনা শেষে। |

০২। (ক) নির্বাচনী এলাকা ঃ

| পদের নাম | নির্বাচনী এলাকা |
|---|---|
| সভাপতি | সমগ্র বাংলাদেশ |
| সহ-সভাপতি | সমগ্র বাংলাদেশ |

(খ) ব্যবস্থাপনা কমিটির সদস্য পদের জন্য নির্বাচনী এলাকা ঃ

| নির্বাচনী অঞ্চল নম্বর | বিভাগ | নির্বাচনী এলাকা |
|---|---|---|
| ০১ | ঢাকা | সমগ্র ঢাকা বিভাগ |
| ০২ | ময়মনসিংহ | সমগ্র ময়মনসিংহ বিভাগ |
| ০৩ | চট্টগ্রাম | সমগ্র চট্টগ্রাম বিভাগ |
| ০৪ | খুলনা | সমগ্র খুলনা বিভাগ |
| ০৫ | রংপুর | সমগ্র রংপুর বিভাগ |
| ০৬ | রাজশাহী | সমগ্র রাজশাহী বিভাগ |

০৩। নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ

| পদের নাম | নির্বাচনী এলাকা | প্রতীক সমূহ |
|---|---|---|
| সভাপতি | সমগ্র বাংলাদেশ | মাছ, চেয়ার, ছাতা, গোলাপফুল ও গরুর গাড়ী । |
| সহ-সভাপতি | সমগ্র বাংলাদেশ | আনারস, ফুটবল, মোরগ, কলস, বই ও দেয়ালঘড়ি |

<u>ব্যবস্থাপনা কমিটির সদস্য পদের জন্য নির্ধারিত প্রতীক সমূহ ঃ</u>

| নির্বাচনী অঞ্চল | প্রতীক সমূহ |
|---|---|
| নির্বাচনী অঞ্চল-১ | মোমবাতি, দোয়াত কলম, জাহাজ, ফুলের টব, কবুতর, হাঁস ও হাতি। |
| নির্বাচনী অঞ্চল-২ | তালাচাবি, ঘুড়ি, হাত পাখা, শাপলা, জগ, কুড়েঘর, মিনার ও মটরসাইকেল। |
| নির্বাচনী অঞ্চল-৩ | হরিণ, মোবাইল ফোন, আপেল, বালতি ও উড়োজাহাজ। |
| নির্বাচনী অঞ্চল-৪ | চাকা, মই, আম, ঠেলাগাড়ী, কাপ পিরিচ ও বাইসাইকেল। |
| নির্বাচনী অঞ্চল-৫ | ঘোড়া, কম্পিউটার,হাতি, তালা,হাতুড়ি, উট, লাটিম, বাঘ ও ট্রাক। |
| নির্বাচনী অঞ্চল-৬ | ডাব, কাঁঠাল, টিউবওয়েল, তবলা, তরবারী ও রেডিও। |

## নির্বাচন সংক্রান্ত পালনীয় ও জ্ঞাতব্য বিষয়ঃ

মনোনয়নপত্রের ফরম ক্রয়ের পূর্বে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত ফি (সভাপতি পদের জন্য ৫,০০০/- টাকা, সহ-সভাপতি পদের জন্য ৩,০০০/- টাকা এবং ব্যবস্থাপনা কমিটির সদস্য পদের জন্য ২,০০০/- টাকা) অফিসে জমা প্রদান করতঃ টাকা জমার মূল রশিদের ফটোকপিসহ নির্বাচন কমিটি বরাবরে লিখিত আবেদন করতে হবে।

২) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন) এর ১৪/০৫/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সহ-সভাপতি ও সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সমিতির বৈধ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রতিনিধিকে ক্ষমতা প্রদান করতে হবে। উক্ত ক্ষমতা প্রদান/মনোনয়ন বিষয়ে সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীর ছায়ালিপি এবং মনোনীত প্রতিনিধির পাসপোর্ট সাইজের ১(এক) কপি ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট প্রশাসনিক এলাকার জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক তা প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৩) সদস্য সমিতি কর্তৃক ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির নিকট নির্ধারিত ছকে সদস্য সমিতি কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র থাকতে হবে। পরিচয়পত্র সংশ্লিষ্ট সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। এতে সমিতির সীলমোহর অবশ্যই থাকতে হবে।

৪) মনোনয়নপত্রের ফরম নির্ভুল ভাবে পূরন করতঃ তফসিল মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে প্রার্থী নিজে কিংবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট সরাসরি দাখিল করতে হবে। মনোনয়নপত্রের ফরম সংশ্লিষ্ট সদস্য সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযতভাবে সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। নির্ধারিত সময়ের পরে এবং ডাকযোগে/ই-মেইলে দাখিলকৃত মনোনয়নপত্রের ফরম গ্রহনযোগ্য হবে না। মনোনয়নপত্রের ফরম এর সাথে মনোনয়নপত্রের ফরম সংগ্রহের জন্য পরিশোধকৃত ফি (যদি থাকে) এর রশিদের মূল কপি দাখিল করতে হবে।

৫) মনোনয়নপত্রের ফরম এর সংগে যে সকল রেকর্ডপত্র সংযুক্ত করতে হবে ঃ ক) প্রার্থির এক কপি পাসপোর্ট সাইজের ছবি (সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত); খ) জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত মনোনয়ন প্রাপ্তি সংক্রান্ত সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরনীর ছায়ালিপি (সভায় উপস্থিতির স্বাক্ষরসহ); গ) প্রতিনিধির পরিচয়পত্রের মূল কপি; ঘ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

৬) নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্রের ফরম ব্যতীত অন্য কোন প্রকার মনোনয়নপত্রের ফরম বা উহার ফটোকপি গ্রহণযোগ্য হবেনা।

৭) প্রার্থীর মনোনয়নপত্রের ফরম, প্রতিনিধির পরিচয়পত্রের ফরম ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র, মূল রেকর্ডপত্র যাচাইপূর্বক উপজেলা/জেলা সমবায় অফিসারগণকেপ্রতিস্বাক্ষর করতে হবে, প্রতিস্বাক্ষরকারীর স্বাক্ষরের সাথে কর্মকর্তার নামের স্পষ্ট সীল ব্যবহার করতে হবে। প্রতিস্বাক্ষরিত কাগজপত্রের ছায়ালিপি সংশ্লিষ্ট কর্মকর্তার দপ্তরে সংরক্ষণ করতে হবে।

৮) প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা অধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি কর্তৃক লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করা হবে। মনোনয়নপত্রে শুধুমাত্র একটি প্রতীক দাবী করা যাবে।মনোনয়নপত্রে কোন প্রতীক দাবী করা না হলে উক্ত মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

৯) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন) এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিনিধিকে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ৩৩(৩) বিধি মোতাবেক নির্ধারিত ফরমে পরিচয় পত্র এবং ভোট প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরনীর সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃকসত্যায়িত ছায়ালিপি নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে।

১০) অসম্পূর্ন, ঘষামাজা, ফ্লুইড ব্যবহার, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) সমবায় সমিতি বিধিমালা,২০০৪ ও বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন) এর নিবন্ধিত উপ-আইন মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১১) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন) এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদানের জন্য সদস্য সমিতিকে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি এবং বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর নিবন্ধিত উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।

১২) একই সমিতির প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকা বহির্ভূত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্যপদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

কোন প্রার্থীর বিষয়ে অন্য কোন প্রার্থী/সদস্যের কোন আপত্তি/অভিযোগ থাকলে মনোনয়ন বাছাইয়ের পূর্বে (উপযুক্ত প্রমাণকসহ) লি[illegible] ভাবে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে।

১৪) নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৫) মনোনয়ন পত্রের সাথে দাখিলকৃত সকল রেকর্ড পত্রে সত্যায়নকারী/প্রতিস্বাক্ষরকারীর নাম ও স্বাক্ষরে স্পষ্ট সীল এবং ফোন নম্বর ব্যবহার করতে হবে।

১৬) চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য সমিতির প্রতিনিধি ব্যতিত অন্য কোন সমিতির প্রতিনিধি ভোট প্রদান করতে পারবে না।

১৭) নির্বাচনের ক্ষেত্রে নির্বাচন কমিটির আইনানুগ সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

(মুহাম্মাদ গালীব খান)
সদস্য
নির্বাচন কমিটি,২০১৯
বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)
ও
উপ-নিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর,ঢাকা।

(মোহাঃ আনিছুর রহমান)
সদস্য
নির্বাচন কমিটি,২০১৯
বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)
ও
যুগ্ম-নিবন্ধক (সেবা শিল্প)
সমবায় অধিদপ্তর,ঢাকা।

(মোঃ রুহুল আমিন)
সভাপতি
নির্বাচন কমিটি,২০১৯
বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)
ও
যুগ্ম-নিবন্ধক (প্রশাসন,মাসউ ও ফাইন্যান্স)
সমবায় অধিদপ্তর,ঢাকা।

স্মারক নং- তারিখঃ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে ঃ-**

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড, ঢাকা।

০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড, ঢাকা। তাঁকে বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড এর সংশ্লিষ্ট সদস্য/সদস্য সমিতিকে সদস্য পরিচয় পত্রের ফরম ও নির্বাচনী তফসিলটি রেজিঃ ডাক যোগে প্রেরণ এবং নির্বাচনী তফসিলটি ০২ (দুই) টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রচার এবং সকল জেলা সমবায় অফিসারগণকে নির্বাচনীর তফসিল(সংযুক্ত কাগজ পত্রাদিসহ) প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।

০৫। কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

০৬। যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/ময়মনসিংহ। তাঁর আওতাধীন সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসারকে তফসিলের অনুলিপি প্রেরণ ও তফসিলে উল্লেখিত নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয় অনুযায়ী মনোনয়ন পত্রে স্বাক্ষর ও প্রতিস্বাক্ষর করার বিষয়ে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।

০৭। উপ-নিবন্ধক, কৃষিজ শিল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৮। নোটিশ বোর্ড, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড, প্রধান কার্যালয়- দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১০২৮।

০৯। সংশ্লিষ্ট নথি।

(মোঃ রুহুল আমিন)
সভাপতি
নির্বাচন কমিটি,২০১৯
বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)
ও
যুগ্ম-নিবন্ধক (প্রশাসন,মাসউ ও ফাইন্যান্স)
সমবায় অধিদপ্তর,ঢাকা।